দৈনিক সংবাদ

৭

তারিখ ... 18 APR 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# ১লা জানুয়ারী '৯১ প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক আইন কার্যকর করা হবে

শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ঘোষণা করেছেন যে, আগামী বছরের ১লা জানুয়ারী থেকে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা সংক্রান্ত আইনটি কার্যকর করা হবে।

গতকাল ঢাকায় বাসস–এর সঙ্গে এক সাক্ষাৎকারে শিক্ষামন্ত্রী একথা

( শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ )

## শেখ শহীদ

(১ম পাতার পর)

বলেন।

মন্ত্রী বলেন, আগামী ৫ বছরের মধ্যে বাংলাদেশে সকলের জন্য প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে বিস্তারিত কর্মসূচী গ্রহণের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় বর্তমানে ব্যস্ত রয়েছে।

প্রথম পর্যায়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অধীনে সকল পৌর কর্পোরেশন, পৌরসভা এবং প্রত্যেক উপজেলার সদর ইউনিয়নসমূহ অন্তর্ভুক্ত হবে বলে শেখ শহীদুল ইসলাম জানান। শিক্ষামন্ত্রী বলেন, অতিরিক্ত ছাত্র ভর্তির জন্য সকল বিদ্যালয়ে দু'টি শিফট চালু করা হবে এবং এরফলে আরো ৩৫ শতাংশ ছাত্র পড়াশোনা করতে পারবে বলে ধারণা করা হচ্ছে।